

## চিকুনগুনিয়া নিয়ে আইডিসিআর-এ জরুরী সভা অনুষ্ঠিত


গতকাল ৪ঠা জুলাই ঢাকা জেলার চিকুনগুনিয়া পরিস্থিতি নিয়ে আইডিসিআর পরিচালক কক্ষে এক জরুরী বৈঠক অনুষ্ঠিত হয়। অন্যান্যদের মধ্যে অধ্যাপক সানিয়া তাহমিনা, পরিচালক রোগ নিয়ন্ত্রণ, ডাঃ নিতীশ কান্তি দেবনাথ, পরিচালক ঢাকা বিভাগ ও ডাঃ এহসানুল করিম, সিভিল সার্জন, ঢাকা উপস্থিত ছিলেন। উক্ত সভায় আইডিসিআর পরিচালক অধ্যাপক মীরজাদী সেব্রিনা ফ্লোরা সভাপতিত্ব করেন। সভায় ঢাকার বর্তমান চিকুনগুনিয়া এবং ডেঙ্গু পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত নেওয়া হয়:

১. সিভিল সার্জন ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা-এর সাথে একটি বৈঠক করবেন যেখানে স্বাস্থ্য বিভাগ ঢাকার সাধারণ জনগণের মধ্যে সচেতনতা জোরদার করতে জেলা ও উপজেলা প্রশাসনের সহায়তা চাইবেন।
২. সিভিল সার্জন ঢাকার সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এবং স্বাস্থ্য-শিক্ষা অফিসার-এর সহযোগিতায় স্কুলের এবং কলেজ ছাত্র-ছাত্রীদেরকে সংগঠিত করে বিভিন্ন র্যালি ও সচেতনতা মূলক কর্মকাণ্ড শুরু করার নির্দেশনা দিবেন। সচেতনতা বার্তাগুলো স্কুল ও কলেজে পাঠানো হবে এবং সভায় প্রধান-শিক্ষকগণ এবং শহরের গণ্যমান্য ব্যক্তিদেরকে আমন্ত্রণ জানানো হবে। উদাহরণস্বরূপ সাভারের উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এনাম মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রী ও উপজেলা প্রশাসন-কে নিয়ে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করার জন্য অনুরোধ করা হবে।
৩. পরিচালক রোগ নিয়ন্ত্রণ এবং পরিচালক আইডিসিআর, মহা-পরিচালক (স্বাস্থ্য) অধিদপ্তরের এবং শিক্ষা মন্ত্রণালয়-এর সাথে ব্যাপক জনসচেতনতা ও প্রচারণা বাড়াতে একযোগে কাজ করতে অনুরোধ করবেন।
৪. যেকোন জরুরী অবস্থার মোকাবেলার জন্য জেলা স্বাস্থ্য প্রশাসন তাদের র‍্যাপিড রেসপন্স টিমকে সতর্ক রাখবে।

### পরামর্শ সেবা

কন্ট্রোল রুম কার্যক্রম শুরু করার পর হতে গতকাল পর্যন্ত ৪৫২জন হটলাইন মারফৎ এবং ১২ জন ব্যক্তি উপস্থিত হয়ে বিভিন্ন তথ্য জানতে চান। তারা বেশীরভাগ ঢাকা থেকে এবং অন্যান্যরা সিলেট, লালমনিরহাট, বাগেরহাট, কিশোরগঞ্জ ও নরসিংদী জেলা থেকে যোগাযোগ করেন।

## ল্যাবরেটরী পরীক্ষায় নিশ্চিত করা চিকুনগুনিয়া রোগীর সংখ্যা



চিকুনগুনিয়া ভাইরাসটি মানুষের মধ্যে মশার মাধ্যমে বিশেষ করে এডিস ইজিপ্টি ও এডিস অ্যালবোপিকটাস মশার মাধ্যমে ছড়ায়। চিকুনগুনিয়া আক্রান্ত বেশীরভাগ রোগীর মধ্যে সাধারণত উচ্চ মাত্রার জ্বর ও গিটে ব্যথা দেখা যায়। এছাড়াও মাথা ব্যথা, মাংসপেশীতে ব্যথা, গিট ফুলে যাওয়া অথবা দানা দানা র‍্যাশ দেখা যেতে পারে। চিকুনগুনিয়া প্রতিরোধের কোন ভ্যাকসিন নেই। লক্ষণ অনুযায়ী চিকিৎসা গ্রহণ করতে হয়। শুধুমাত্র জনসচেতনতা ও মশকনিয়ন্ত্রণ-ই পারে চিকুনগুনিয়া বিস্তার রোধ করতে।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে দয়া করে এই ওয়েবসাইট ভিজিট করুন-[www.iedcr.gov.bd](http://www.iedcr.gov.bd) অথবা হটলাইন নাম্বারে ফোন করুন- ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১